
রাজকাপুরের নিবেদন
এক দিন রাত্রে
পরিচালনা
শম্ভু মিত্র
অমিত মৈত্র
সঙ্গীত
সলিল চৌধুরী
In Hindi & Bengali

# এক দিন রাত্রে

রূপায়ণে :

ছবি বিশ্বাস, পাহাড়ী সান্যাল, প্রদীপকুমার, নিমো, সুমিত্রা দেবী, সুলোচনা চ্যাটার্জী, স্মৃতি বিশ্বাস, সঙ্গে আছেন :—

তুলসী লাহিড়ী, গঙ্গাপদ বসু, কালী সরকার, ইক্ টাকার বিক্রমকাপূর, ভূপেন্দ্র কাপূর, নন্দ বাবু, কৃষ্ণকান্ত, মণি চ্যাটার্জী, এম্, ব্যানার্জী, কুমার রায়, কৃষ্ণ দেওয়ান, প্রাণ, কল্যাণ ভট্টাচার্য্য, শচীন ঘোষ, রতন, গৌরাঙ্গ, মৌজী, গিরিজা শঙ্কর, ডেইসী ইরাণী।

**এবং স্বয়ং রাজকাপূর**

**সংগঠনকারী**

কাহিনী চিত্রনাট্য ও সংলাপ : শম্ভু মিত্র ও অমিত মৈত্র,

সঙ্গীত : সলিল চৌধুরী,

গীতিকার : সলিল চৌধুরী ও শৈলেন্দ্র

নেপথ্য সঙ্গীত : লতা মুঙ্গেশকার, সন্ধ্যা মুখার্জী, মান্না দে,

আলোক চিত্রে : রাধু কর্ম্মকার (ডব্লু-আই-সি-এ)

চিত্রগ্রহণ : তারা দত্ত (ডব্লু-আই-সি-এ)

শিল্প নির্দ্দেশক : এম্ - আর - আচরেকার

শব্দগ্রহণ : আলাউদ্দীন (আর্ - কে - ষ্টুডিও)

পুনঃ শব্দগ্রহণ ও সঙ্গীত গ্রহণ } মিনু কাটরিক্

সম্পাদন : জি, জি, মায়েকার ও বসন্ত সুলে,

রাসায়ণিক : অরুণ ভট্ট

নৃত্য নির্দ্দেশক : সত্যনারায়ণ।

রূপসজ্জা : মাধব পাই

বেশভূষা : দাদা কাডিলকার

দৃশ্যসজ্জা : কে - দামোদর

সাজ সজ্জা : এল্ জি পাটিল

ব্যানার্স : মহেশ উপ্পল

প্রচার শৈলী : শান্ত দেব গুপ্ত, জি, ডি, এ,

স্থিরচিত্র : ওয়াই, আর, সিন্দে— এইচ্, এম্, সিন্দেয়ালা

প্রাধাণ বিদ্যুৎশিল্পী : আর, এম্, সিন্ধে

প্রধান ব্যবস্থাপক

ওম্ প্রকাশ, মেহরা, মোহনবালী,

**সহকারী বৃন্দ :**

পরিচালনা : বীরেন ত্রিপাঠী কীতিরাজ, শ্রীনিবাসন

চিত্রগ্রহণে : এস্ ভোস্লে, পি, চৌধুরী, সুশীল রায়

শব্দগ্রহণে : বিবিন্ চালিসেরী, রাজে, দত্ত ভোবার

পুনঃ শব্দগ্রহণে : ভাঁসেল

সম্পাদনা: দীক্কার সেতি—এস্, আর কাত্রে - ডাবলু মাহেত্রে

রূপসজ্জায় : ভূজঙ্গ পাই, রাধে শ্যাম

সঙ্গীতে : কানু ঘোষ

প্রয়োজনায় : মদন পণ্ডিত, অমর নাথ

বেশভূষায় : হনুমান

বিদ্যুৎশিল্পী : সকারম, বসন্ত।

প্রদর্শনায় : যশবন্ত ভিরকুড, এ মোল্লা

কলাকর্ম্মে : টি, কে, দেশাই, এল, জি, পাটেল, কারেকার।

প্রচারণায় : শরদ পোলে, এস, ডাবলু রাজে, শিরকে, এম্ ভিথল, জি, আর, মুলে

কর্ম্মাধক্ষ : কে, ভি, এস, রমণ

ষ্টুডিও ম্যানেজার : চমন লাল

সেক্রেটারী : হিরেণ খেরা

ফেমাস্ সিনে লেবোরেটরী, তারদেও— রাজকমল কলামন্দির লিমিটেড, পারেল বম্বেতে চিত্র পরিস্ফুটিত।

আর্ সি শব্দ যন্ত্রে গৃহীত

ডিস্ক শব্দগ্রহণ : এইচ, এম, ভি,

আর, কে, ষ্টুডিও চেম্বুর বম্বেতে প্রযোজিত।

প্রধান নির্ম্মাণ সচিব : এম্, আর, আচরেকার

পরিচালনায় : শম্ভু মিত্র ও অমিত মৈত্র

প্রযোজক : রাজ কাপূর

R.K FILMS.

# কাহিনী

রাত প্রায় একটা।

শহরের রাত। যেখানে বিরাটকায় বাড়াগুলো সারা দেশের ঐশ্বর্য্য উদরের মধ্যে নিয়ে নিদ্রাতুর দানবের মতো ঝিমোয়। আর, পথে পথে পাহারাদারেরা হিংস্র শ্বাপদের মতো প্রহরে প্রহরে চীৎকার ক'রে সকলকে সতর্ক ক'রে ফেরে।

এই রাত—শহরের।

একটা মানুষ—গেঁয়ো, পরণে ছেঁড়া কাপড়, গায়ে তালিমারা কোট, মুখে খোঁচা খোঁচা দাড়িগোঁফ—এই পাথরে মোড়া শুক্‌নো শহরে একটু জল খুঁজে মরছে।

একটা বিরাট বাড়ীর গেটের মধ্যে দিয়ে সে দ্যাখে অকারণে জল ঝ'রে প'ড়ে অপচয় হচ্ছে। ভিতরে ঢুকে আঁজলা ভ'রে জল খেতে যায় হঠাৎ চীৎকার ওঠে—চোর!

ছ'তলা বাড়ীর ছশোছত্রিশটা জালনা খুলে ছাব্বিশ শো ভাষায় সমস্ত বিভিন্ন ফ্ল্যাটের লোক আঁৎকে উঠে প্রতিধ্বনি তোলে,—চোর চোর, পাক্ড়ো, পাক্ড়ো—!


ভয়ার্ত্ত গেঁয়ো মানুষটা ভ্যাবাচ্যাকা খেয়ে আত্মরক্ষার চেষ্টায় এই বাড়ীর মধ্যেই ঢুকে পড়ে।



ছোট একটা বাথরুম। জলের ড্রামের পাশে লুকিয়ে ব'সে সে ভদ্রলোকের ঘরের এক রকমের চুরি দ্যাখে।

সেখান থেকে পালিয়ে সে ঢুকে পড়ে আর এক ফ্ল্যাটের শয়ন কক্ষে। সেখানে দ্যাখে আবার আর এক রকমের চুরি। এই রকম ক'রে সারা রাত ধ'রে নানা শহুরে ভদ্রলোকদের ঘরে সে নীরব গোপন সাক্ষীর মতো দ্যাখে যে আজকের দিনের এই মদমত্ত সভ্যতা কেবল একটা মুখোষ মাত্র। হঠাৎ যখন ভয়ের ঝাপটায় সেই মুখোষ খুলে পড়ে (যেমন পড়েছে আজ মধ্যরাত্রে অজানা এক চোরের আতঙ্কে) তখন যে মূর্ত্তিগুলো প্রকাশ পায় তার মধ্যে না আছে সভ্যতা, না আছে শালীনতা না আছে ভদ্রতা।

কিন্তু এই কর্দ্দমাক্ত পঙ্কিল রাত বুকে ঠেলে পার হয়ে সেই সরল নিরক্ষর গেঁয়ো মানুষটা এই শিক্ষালাভ ক'রে যে তবুও রাতের অন্ধকারই একমাত্র সত্য নয়, সেই শ্বাসরোধকারী ঘন তমসার মধ্যেই নতুন প্রভাতের বীজ অঙ্কুরিত হয়,-হচ্ছে,-হবে।



# সঙ্গীত



(১)

এই দুনিয়ায় ভাই সবই হয় সব সত্যি
ঘুরিয়েই দুনিয়ার লাটু, ভগবান হারিয়েছে লেত্তি।
ধরো, এই বুক থেকে আমি কলজেটা ছিঁড়ে
যদি রাখি এই মনি ব্যাগেতে
আর, মনিব্যাগ থেকে এই টাকাটাকে নিয়ে
যদি রাখি এই পাঁজরার ফাঁকেতে—
এই টাকাটা তো চল্‌বেই
ধ্বক্ ধ্বক্ ধ্বক্ ধ্বক্ চল্‌বেই
শুধু কল্‌জেটা যাও ভাঙ্গাতে
কিছু মিলবে না এক রত্তি।
আবার বলছি, শোন—
রাম ভুগছিল বড় সর্দি কাশিতে
আমি নিয়ে এলুম ধ'রে বদ্যি
তা সে ছোট এক ভুল চুকে
শ্যামকেই দিল ঠুকে
সিবাজল কিছু রদ্দি
তার ফলম্, ফলৌ, ফলা: কি যে হোলো
ধড় ফড় ক'রে যদু মারা গেল
আর, তাই শুনে মধুর বৌ সহসা
হোলো সদ্য বিধবা এও সত্যি



(২)

সে গান আমি যাই যে ভুলে
যে গান শুনে গো হৃদয় গলে
যে গান ব্যথায় আপনি জ্ব'লে
আনন্দেরি তুফান তোলে।
ওগো আপন গন্ধে মাতাল হ'লে
বনের মৃগ যখন আপনা ভোলে
বনহরিণী যে আকুল গানে
ফিরায় তারে প্রেমের কূলে।
আমার এ গান শুধু জানে উজাড় ক'রে দিতে
নিশি শেষের বকুল হ'য়ে ধুলায় ঝ'রে যেতে।
যে গান নূপুর হ'য়ে সাধে
আবার শিকল হ'য়ে বাঁধে,
যে গান আগুন হ'য়ে জ্বালায়
আবার প্রদীপ হ'য়ে জ্বলে
সে গান আমি যাই যে ভুলে।

(৩)

লো সে বাঈ বাঈ……
ম্যায়নে যো লি আংড়াই
ধীরে সে মুশ্‌কায়ি
তেরী মাহিফিল্ সে সদা ইয়ে আই।
ম্যায় অকেলী
লাখো দীওয়ানী দীলকে
ওয়ার পে ওয়ারকীয়ে যাতে হ্যাঁয়
নজ্‌রে মিল্‌কেজী মিল্‌কেজী মিল্‌কে।
দেখ্‌লো মেরী ছোটিসি জানপে
ক্যায়সী ইয়ে আফৎ আইরে।
গাল গুলাবী,
আঁখে মেরী নীলম্ কী
ম্যায় হাসি লোগ সমঝে কী
বিজলী চম্‌কীরে চম্‌কীরে চম্‌কী।
মেরী লট্ লহরায়ী
যায়সে কালীঘটা লহ্‌রায়ীরে।





( ৪ )

এ্যাঁয়ে দুনিয়া দেবে দোহাই
ঝুটা পাওন্দী শোর,
আপনে দিল্‌তোঁ পুছ্‌কে রেখো
কৌন নহী এ চোর।
তে কী মায় ঝুট্ বো'লয়া ?
—কোই না।
তে কী ম্যায় কুফর্ তোলেয়া ?
—কোই না।
তে কী ম্যায় জহর গোলেয়া ?
—কোই না পাই, কোই না পাই,
কোই না॥
হক্ তু জেদা মার মারকে
বন্‌দে লোক আমীর,
ম্যায় ইন্নু ক্যান্দা চোরী
দুনিয়া ক্যান্দী তকদীর।
তে কী মায় ঝুট্ বোলেয়া +
ইত্যাদি—॥
রেখে পণ্ডিত জ্ঞানী ত্রেরানী
দয়া তরম দে বান্দে
রামনাম জপ দে তে খান্দে
গোশালাদে চান্দে।
তে কী ম্যায় ইত্যাদি॥
সচে ফাঁসী চড়্‌দে রেখে
ঝুটা মৌজ উড়াবে,
দুনিয়া ক্যান্দী রা'দী মায়া
ম্যায় ক্যান্দা অন্যায়
তে কী ম্যায় ইত্যাদি।

জাগো—
অলস শয়ন ছাড়ো
সংকোচ সংহারো
নবারুণ রঙ্গে রাঙ্গো
প্রভাত্ আলোর ডমরু যে বাজে।
জাগ রে জাগ্ রে জাগ
জাগ্ নব মন্ত্রে
প্রভাত সূর্য্যের
গম্ভীর মন্দ্রে।
জাগো, মোহন প্রীতম্ জাগো
রজনী পোহায়ে গেল
নয়ন কমল মেলো।
তিমির বিদার করি এসো হে জ্যোতির্ময়
দূর কর মূঢ় গ্লানি, কর দূর সংশয়
অমানিশা ভ্রান্তির কর সংক্রান্তি।
আকাশে বাতাসে শোনো মুক্তির বন্দন
কিসেরি দ্বিধা আজি কিসেরি এ ক্রন্দন।
দুঃখ বিমোচন কর ভয় ভঞ্জন।
করুণাধারায় এসো করুণার কান্তি
পিপাসিত চিত্তের তৃষ্ণার শান্তি
তাপিত হৃদয়ের সন্তাপ ভঞ্জন।

ন্যাশনাল আর্ট প্রেস, ১৫৭এ, ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা-১৩ হইতে মুদ্রিত।




Raj Kapoor's
RK
FILMS
AB DILLI
DUR NAHIN
Directed by AMAR KUMAR